

# যুগান্তর

## বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্র সংসদ থাকা জরুরি

আসাদুজ্জামান নূর

প্রকাশ : ০৫ জুলাই ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 সাংস্কৃতিক রিপোর্টার

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, দেশের বিশ্ববিদ্যালয় ও এর হলগুলোতে নির্বাচিত ছাত্র সংসদ থাকা জরুরি। এটি ছাড়া সাংস্কৃতিক ও শিক্ষা-সহায়ক কর্মকাণ্ড সঠিকভাবে পরিচালিত হওয়ার সুযোগ নেই। এখন ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোতে সংস্কৃতিচর্চা তেমনভাবে হয় না বললেই চলে। এর অন্যতম প্রধান কারণ এসব শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র সংসদ নেই বা সেগুলো নিষ্ক্রিয় অবস্থায় রয়েছে।

বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ পূর্তিকে সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস প্রণীত 'ঢাকা বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক ও শিক্ষা-সহায়ক কর্মকাণ্ড : সেকাল একাল' শীর্ষক গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি।

সংস্কৃতিমন্ত্রী আরও বলেন, আমাদের সময়ে সংস্কৃতিচর্চা নিছক বিনোদন ছিল না, এটি ছিল আন্দোলন-সংগ্রামের অন্যতম হাতিয়ার।

জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম ও ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ। শুভেচ্ছা বক্তৃতা করেন অধ্যাপক ড. শেখ আবদুস সালাম।

জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামানের সার্বিক পরামর্শে সেন্টারের পরিচালক অধ্যাপক ড. শেখ আবদুস সালামের সম্পাদনায় এ গ্রন্থটি প্রকাশিত হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালামা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএস : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।